ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩১.২০.১৯৩.২২ নথির বিষয়: Repairing and Maintenance works of roofs at different building of SWTP Phase-1 কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: **Repairing and Maintenance works of roofs at different building of SWTP Phase-1 কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৪/১২/২২ ৬:৪৪ অপরাহ্ণ

ক্রমিক নং ০১ হতে ০৩ নং পর্যন্ত অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগার একটি দ্বিতীয় শ্রেনীর কে পি আই।সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার পরিশোধিত ও বিশুদ্ধ পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। শোধনাগার দুটি অতীব গুরুত্বপূর্ন একটি জাতীয় স্থাপনা। শোধনাগার দুটি পরিদর্শনে প্রায়ই বিভিন্ন দেশের মন্ত্রী, রাষ্ট্রদূত, গবেষক, ভিজিটর এবং দাতা সংস্থার প্রতিনিধিগন আসেন। এছাড়াও আমাদের দেশের গন্যমান্য ব্যক্তিবর্গ প্ল্যান্টটি পরিদর্শনে আসেন। এমনকি ঢাকা ওয়াসার সম্মানিত বোর্ড মেম্বারগন এবং বিদেশী অতিথি, সরকারী কর্মকর্তা-কর্মচারীসহ বিভিন্ন ধরনের অতিথি, বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রী, শিক্ষাবিদ এবং শিক্ষকগন শিক্ষা সফরে অত্র প্ল্যান্টটি পরিদর্শসে আসেন। তাই ফেজ-১ ও ২ এর স্থাপনাগুলো পরিচ্ছন্ন ও দৃষ্টি নন্দন রাখা খুবই গুরুত্বপূর্ন। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর এডমিন বিল্ডিং, ক্লোরিং বিল্ডিং, কেমিক্যাল বিল্ডিং, ওয়ার্কশপ বিল্ডিং এবং "র" ওয়াটার বিল্ডিং এর ছাদের বেশ কিছু অংশে ঢালাই নষ্ট হয়ে গেছে। ফলে বৃষ্টির পানির মাধ্যমে ছাদ ড্যাম্প এবং সোন্দর্য্য ক্ষতি সাধিত হচ্ছে। এছাড়াও বেশী বৃষ্টি হলে ছাদের নীচের অংশে ও ওয়ালে পানিতে ভিজে স্যাঁতসেতে হয়ে যায় এবং অনেক মূল্যবান জিনিসপত্রাদি নষ্ট হয়ে যায়। তাই ছাদের ড্যাম্প প্রুফ এবং সোন্দর্য বৃদ্ধিরজন্য নতুন করে ছাদগুলোতে Water Proofing করা প্রয়োজন। উক্ত ছাদের পানির লাইনের জি.আই. পাইপ ও অন্যান্য সরঞ্জামাদী অনেক পুরাতন হওয়ায় ছিদ্র হয়ে পানি পড়ে ছাদ নষ্ট হয়ে গেছে। তাই নতুন জি.আই.পাইপ ও অন্যান্য সরঞ্জামাদী স্থাপন করা প্রয়োজন। ছাদগুলোতে কিছু রেইন ওয়াটার পাইপ নষ্ট হয়ে যাওয়ায় তাহা নতুন করে স্থাপন করা প্রটেয়াজন। Water Proofing করার সময় পাইপ ও অন্যান্য সরঞ্জামাদী একটু উচু করা প্রয়োজন। আলোচ্য কাজগুলি করার উদ্দেশ্যে পি. ডব্লিউ. ডি. রেট সিডিউল ২০২২-এর দর অনুযায়ী কাজ সম্পাদনের জন্য (ক্রমিক নং-০৩ এ একটি প্রাক্কলন উপস্থাপন করা হল। প্রাক্কলনে মোট টাকার পরিমাণ দাড়িয়েছে সর্বমোট টাঃ ৪,৯৪,০৬০.৬২৮ (চার লক্ষ চুরানব্বই হাজার ষাট দশমিক ছয় দুই আট টাকা মাত্র) টাকা। আলোচ্য কাজটির ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২২-২৩ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাতের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-৫৫ এবং প্যাকেজ নং- W-26 হতে নির্বাহ করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৪/১২/২২ ৬:৪৫ অপরাহ্ণ

আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১ (১) ধারা অনুযায়ী উম্মুক্ত দরপত্র পদ্ধতি OTM (e-GP) তে সম্পন্ন করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৩):

১। সাঃপাঃশোঃ ফেজ-১ এর ২০২২-২৩ ইং অর্থ বছরের বাজেটের ও অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।.
২। পি.ডব্লিউ.ডি রেট সিডিউল-২০২২ এর কপি।.
৩। উপস্থাপিত ক্যালকুলেশন ও প্রাক্কলন।.

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৪/১২/২২ ৬:৪৭ অপরাহ্ণ

এমতাবস্থায়, সায়েদাবাদ পানি শোধনাগারের ফেজ-১ (রক্ষণাবেক্ষন) এর Repairing and Maintenance works of roofs at different building of SWTP Phase-1 কাজটি সম্পাদনের জন্য প্রাক্কলতি টাকা টাঃ ৪,৯৪,০৬০.৬২৮ (চার লক্ষ চুরানব্বই হাজার ষাট দশমিক ছয় দুই আট টাকা মাত্র) টাকা। আলোচ্য কাজটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং পবিলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১ (১) ধারায় উম্মুক্ত দরপত্র পদ্ধতিতে OTM (e-GP) দরপত্র আহ্বানের মাধ্যমে কাজটি সম্পাদনের অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

৪/১২/২২ ৭:০২ অপরাহ্ণ মোঃ ইকবাল হোসেন উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৪/১২/২২ ৮:৩০ অপরাহ্ণ মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৪/১২/২২ ১০:০৪ অপরাহ্ণ সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	~~৫/১২/২২ ৯:৩১ পূর্বাহ্ণ~~ ~~মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ~~ ~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী~~ ~~পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৫/১২/২২ ৯:৩১ পূর্বাহ্ণ

উপরোক্ত বর্ননার আলোকে অনুচ্ছেদ ১.২ এর প্রস্তাব সদয় অনুমোদনের সুপারিশ করা হল।

৫/১২/২২ ৯:৩১ পূর্বাহ্ন
মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

~~৬/১২/২২ ৫:৫৯ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৬/১২/২২ ৫:৫৯ পূর্বাহ্ন

অনুমোদিত

৬/১২/২২ ৫:৫৯ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

৬/১২/২২ ৮:৩৮ পূর্বাহ্ন
সৈয়দ মোস্তাকিম হোসেন
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

২৯/১/২৩ ৯:৫৯ অপরাহ্ন
মোহাম্মদ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

১/২/২৩ ১১:২৬ পূর্বাহ্ন
মোঃ ইকবাল হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)